

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭১

পানিসাগর, ২২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

পানিসাগর মহকুমায় ভোটগ্রহণ কর্মীদের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের পানিসাগর মহকুমায় গতকাল ভোটগ্রহণ কর্মীদের তৃতীয় পর্যায়ের মহড়া অনুষ্ঠিত হয়। পানিসাগর টাউনহলে অনুষ্ঠিত এই মহড়ায় ৫৮-পানিসাগর বিধানসভা ক্ষেত্রের ৩০৭ জন ভোটগ্রহণ কর্মী অংশ নেন। মহড়ায় ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ দেন পানিসাগর ব্লকের বিডিও নবব্রত দত্ত, ডিসিএম অনিরুদ্ধ দাস, ডিসিএম প্রদীপ কুমার সরকার ও মাস্টার ট্রেনারগণ।
